R. N No. 2532/57 | Phone No. RGG.112 | Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১০৩২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

স্কুল, কলেজ ও পঞ্চায়েতের যাবতীয় খাতা পত্র, ফরম এবং নানা ডিজাইনের বিয়ে, উপনয়ন ও অন্নপ্রাশনের কার্ড আমাদের কাছে পাবেন।

পণ্ডিত ষ্টেশনারস্
রঘুনাথগঞ্জ

৭১শ বর্ষ. ৪৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৪ঠা বৈশাখ বুধবার, ১৩৯২ সাল
১৭ই এপ্রিল, ১৯৮৫ সাল।

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, ১৪৲সডাক

## জাল ওষুধের খোঁজে জেলা জুড়ে তল্লাসীতে নামবে পুলিশ

বিশেষ সংবাদদাতা : জেলা পুলিশ মহলের আশংকা শুধু বহরমপুর শহরেই নয় মুরশিদাবাদের অন্যান্য ছোট-বড় শহর ও গ্রামগুলিতেও ব্যাপক ভাবে জাল ওষুধ কেনা-বেচা চলছে। অতি সম্প্রতি বহরমপুর গোয়ালজান ও খাগড়ার দৈহাট্টা রোডের দুটি বাড়িতে হানা দিয়ে পুলিশ জাল ওষুধ তৈরীর দুটি অতিবৃহৎ কারখানা আবিষ্কার করেছে। ওই কারখানা থেকে পুলিশ নামী-দামী কোম্পানীর লেবেল মারা হাজার হাজার শিশি নকল ওষুধ উদ্ধার করেছে। পেয়েছে এ্যামপিসিলিন, টেকটা মাইটিসিল, ফ্যামিকল জাতীয় প্রচুর জাল ওষুধ। এই জাল কার-বারের মূলপাণ্ডা বলে অভিযুক্ত ধনঞ্জয় চট্টোপাধ্যায় গা ঢাকা দিলেও পুলিশ তার স্ত্রী মমতা এবং নিতাই ঘোষ ও দিলীপ ঘোষ নামে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। এদিকে জাল ওষুধের খোঁজে তল্লাসী চালাতে গিয়ে বহরমপুর পুলিশ খাগড়ার দিলীপ মেডিক্যাল ষ্টোর্স ও রাধারঘাটের মিতা মেডিক্যাল ষ্টোর্স নামের দুটি ওষুধের দোকান থেকে রাজ্য স্বাস্থ্য বিভাগের সি এম এস (সেন্ট্রাল মেডিক্যাল ষ্টোর্স)-এর ছাপ মারা 'নট ফর সেল' বিজ্ঞপ্তি দেওয়া প্রায় ২ লক্ষ টাকার ওষুধ উদ্ধার করেছে। এই ওষুধগুলি সন্দেহ করা হচ্ছে, জেলা ও মহকুমা হাসপাতাল এবং বিভিন্ন হেলথ্ সেন্টার থেকে চোরাপথে ওই দুই দোকানে এসেছিল। পুলিশের এক অফিসার আমাদের কাছে পরিষ্কার ভাবে বলেছেন, স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন ডাক্তার, অফিসার ও ষ্টোরের কর্মীরা চোরাবাজারে এই সব ওষুধ বিক্রী করেছেন। কয়েকজনের নামধামও পুলিশ পেয়েছে। খবর, জঙ্গিপুর হাসপাতালের ২-৩ জন কর্মী ও এক ডাক্তারবাবুকে জিজ্ঞাসাবাদের জন্য বহরমপুরে (৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## কিশোরীকে বলাৎকার নিয়ে বহরমপুরে উত্তেজনা

বিশেষ সংবাদদাতা : বহরমপুর নিউ জেনারেল হাসপাতালে ভর্তি হওয়া এক সপ্তদশী কিশোরীকে বলাৎকারের ঘটনায় শহরজুড়ে ব্যাপক উত্তেজনা দেখা দিয়েছে। উত্তেজিত জনতার হাতে প্রহৃত হয়েছেন হাসপাতালের জনকয় কর্মী। জনতার অভিযোগ, ওই বলাৎ-কারের ঘটনায় সংশ্লিষ্ট ব্যক্তিরা জড়িত রয়েছে। এ নিয়ে বহরমপুর থানায় ২টি পৃথক অভিযোগ লিপিবদ্ধ করা হয়েছে। হাসপাতালে বসানো হয়েছে কড়া পুলিশী পাহারা। বলাৎকারের ঘটনাটি ঘটেছে ৬ এপ্রিল। বিউটি বিশ্বাস নামে বেলডাঙ্গার এক সপ্তদশী কিশোরীকে ওই হাসপাতালের জনকয় কর্মী লোডসেডিং-এর অন্ধকারে রাত্রি সাড়ে ৯টা নাগাদ ধর্ষণ করে। এই ঘটনার খবর ধীরে ধীরে শহরময় ছড়িয়ে পড়তে থাকে। বাড়তে থাকে উত্তেজনা। এরপর ১০ এপ্রিল সকাল নাগাদ কয়েকশো যুবক হাসপাতালে চড়াও হয়ে বলাৎকারের পাণ্ডা বলে অভিযুক্ত ব্যক্তিদের প্রহার করতে থাকে। পরে পুলিশ গিয়ে অবস্থা আয়ত্বে আনে। এদিকে এই ঘটনায় বহরমপুরের বেশীর ভাগ মানুষের মনেই তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। তাঁরা সকলেই বলাৎকারের ঘটনায় জড়িত ব্যক্তিদের গ্রেপ্তারের দাবী জানিয়েছেন। জানা গেছে, এই ঘটনার তদন্তের জন্য স্বাস্থ্য দপ্তর একটি মেডিক্যাল বোর্ড গঠন করেছেন।

## ক্ষমতার অপব্যবহার

ধুলিয়ান : বামফ্রন্টের প্রভাবশালী দলের দলবাজী ও আখের গুছিয়ে নেবার অশোভন আচরণ এবং স্বার্থপরতা প্রবলভাবে দেখা দিয়েছে। ধুলিয়ানের জনৈক অমল চক্রবর্ত্তী নামে ক্ষুদে হাফ নেতা গত ১৯৮৩ সাল থেকে সমসেরগঞ্জ ব্লক তন্তুবায় সমবায় সমিতিতে মাসিক আড়াইশত টাকা বেতনে কাজ করে আসছেন। তাঁর মূল চাকরী ছাড়াও তিনি ১৯৮৫ সালের জানুয়ারী মাসে ধুলিয়ান পৌর সভায় মাসিক ছয়শত টাকা বেতনে লাইট ম্যান হিসেবেও কাজ করছেন। নিয়মানুযায়ী এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে তাঁর নাম আসা উচিত ছিল। কিন্তু (৪র্থ পৃষ্ঠায়

## রেল রুখলেন এস ইউ সি

নিজস্ব সংবাদদাতা : রেলভাড়া ও নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধির প্রতিবাদে বুধবার (আজ) এস ইউ সি আই-এর পক্ষ থেকে জঙ্গিপুর রোড ষ্টেশন অবরোধ করা হয়। দলীয় কর্মীরা দুপুর নাগাদ রেল লাইনের উপর বসে পড়ে ডাউন হাওড়া-ভাগলপুর প্যাসেন্জার ট্রেনটি আটকে দেয়। প্রায় আড়াই ঘণ্টা পর পুলিশ গিয়ে ট্রেনটিকে অবরোধ মুক্ত করে। আগের দিন মুরশি-দাবাদের বিভিন্ন রেল ষ্টেশনেও এস ইউ সি কর্মীরা রেল রোকো আন্দোলনে সামিল হয়। এস ইউ সির পক্ষ থেকে বলা হয়েছে, কেন্দ্রীয় বাজেটে একচেটিয়া পুঁজি তথা ধনীদের প্রভূত সুযোগ দেওয়া হয়েছে। দাম বেড়েছে পেট্রল, ডিজেল ও কেরোসিনের। এরফলে সব ক্ষেত্রেই মূল্যবৃদ্ধি অবশ্যম্ভাবী। অন্যদিকে রাজ্যের বামফ্রন্ট সরকারের উদ্বৃত্ত বাজেট সম্পূর্ণ প্রতারণার উপর রচিত হয়েছে। এতে জনজীবনের জ্বলন্ত সমস্যাগুলি সমাধানের কোনো ইঙ্গিত দেওয়া হয়নি। তাদের মতে, রেল ও বাসের ভাড়া বৃদ্ধি সাধারণ মানুষকে চূড়ান্তভাবে ক্ষতিগ্রস্ত করবে।

জেরক্স ঘর
পঃ বঙ্গ সরকার বহু কেরাণী নিচ্ছেন। ফর্ম এখানে পাবেন। যোগ্যতা মাধ্যমিক
যোগাযোগ : পণ্ডিত প্রেস : রঘুনাথগঞ্জ

NATIONAL THERMAL POWER CORPORATION LTD.

( A Government of India Enterprise )

FARAKKA SUPER THERMAL POWER PROJECT

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/RAILWAY/WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I. P. O. payable at post office, Khejuriaghat or demand draft in favour of 'National Thermal Power Corporation Ltd.', payable on State Bank of India at Farakka along with a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 15. 4. 85 to 10. 5. 85 from 9-00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs to 16-00 hrs. Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx. value Completion period ( in lakhs ) | E. M. D/ Cost of paper ( in Rs. ) | Date & time of opening |
|---|---|---|---|---|
| 1. | General civil, sanitary, water supply, drainage & building electrification etc work for high school (Bengali medium) at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS : 271/T-17/85. | 35 Twelve Months | Rs. 50,000/- Rs. 100/- | 14-5-85 at 10 A.M. |
| 2. | General civil, sanitary, water supply, drainage & building electrification for trainee hostal-2 at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS : 270/T-18/85. | 12.25 Nine Months | Rs. 24,5000/- Rs. 100/- | 14-5-85 at 10 A.M. |
| 3. | Construction of 33/11 KV 'Sub-station building at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS : 273/T-19/85. | 3.05 Four Months | Rs. 6,100/- Rs 50/- | 14-5-85 at 10 A.M. |
| 4. | General civil, sanitary, water supply, drainage & building electrification work for hostel in lieu of 'A' type Qtrs. at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS : 168/T-20/85. | 28.50 Twelve Months | Rs. 50,000/- Rs. 100/- | 15-5-85 at 10 A M. |
| 5. | General civil, sanitary, water supply, drainage & building electrification work for hostels in lieu of 'B' type Quarters at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS : 269/T-21/85 | 33.75 Twelve Months | Rs. 50,000 - Rs. 100/- | 15.5.85 at 10 A.M. |

## TERMS AND CONDITIONS

1 Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.

2 Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.

P. T. O.

3 Tenders received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest Money against Running Account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers Registered with any other project of N T P C. are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest money in prescribed form 'Earnest Money of......................enclosed should be clearly be written on the top of the Envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s)

4. N. T. P. C. takes no responsibilities for delay or non-receipt of tender documents sent by post

Dy. Manager (Contracts)
Farakka Super Thermal Power Project.
( N T. P. C. )
P. O. Nabarun, Dt. Murshidabad : West Bengal
Pin—742236

## তল্লাসীতে নামবে পুলিশ

(১ম পৃষ্ঠার পর)

নিয়ে যাওয়া হচ্ছে পারে। সি এম এস ছাপ মারা যে সমস্ত ওষুধ ওই দুই দোকান থেকে পাওয়া গেছে সেগুলি হল শালফাগুইনাডিন ১৭ হাজার, প্যারাসিটামল ২২ হাজার, স্ট্রেপটো-মাইসিন সালফেট ৫৫০, হাইপারসিন ৮৩০০ মরফিয়া ইনজেকশন ১২৫, মেট্রোনিপাইজার ট্যাবলেট ১৫০০, মেট্রোনিল ক্যাপসুল ৪৮০০, ডুরা-বোলিন ৮ হাজার, ক্লোরমেফেনিকল ১৯০০, ক্লোরোকুইন ৩ হাজার, স্ট্রেপটো মাইসিন ৪৮, টেট্রাসাইক্লিন ৪শো, কুইনোজল ২৯০০, কুইনো ক্লোটালিফ ট্যাবলেট ২ হাজার, আইওডো ক্লোরো ডাইট কুইনাইন ৩ হাজার, মেক্রো-নিকোরা ৩ হাজার, টিবি ইনজেকশন ১৫শো প্রচুর পরিমাণে স্যালাইন ইত্যাদি। পুলিশ জাল ওষুধ ও চোরা বাজারে আসা সরকারী ওষুধপত্র উদ্ধারের পরিপ্রেক্ষিতে বহরমপুরে প্রায় ২০টি মেডিক্যাল স্টোর বন্ধ করে দেবার কথা চিন্তা করছেন। পুলিশী সূত্রে খবর, রঘুনাথগঞ্জেও দুটি মেডি-ক্যাল স্টোর্সকে সন্দেহের তালিকায় রাখা হয়েছে। কারণ পুলিশের কাছে খবর আছে ওই দুটি দোকান থেকে নাকি জাল ওষুধ কেনাবেচা চলে।

## ক্ষমতার অপব্যবহার

(১ম পৃষ্ঠার পর)

সে সবের তিনি তোয়াক্কা করেন নি। নিজেরে আচরি ধর্ম অপরে শেখায়। তা'হলে তাঁরা হামেশাই যে, নীতি আদর্শের বুলি কপচান তা কি ভাঁওতা-বাজি মাত্র? ফলশ্রুতি স্বরূপ দলের নেতাদের এ হেন কার্য্যকলাপে অন্যান্য কর্মীরা গৃহযুদ্ধ শুরু করেছেন।

তাছাড়া সি এম এস ছাপ মারা ওষুধও কেনা-বেচা হয় কোনো কোনো দোকানে। পুলিশ অবশ্য ওই দুটি দোকানের নাম বলতে রাজী হননি। এর আগে জঙ্গিপুরের একটি দোকানে জাল ওষুধ মিলেছিল বছর কয়েক পূর্বে। এদিকে অরঙ্গাবাদের আশে-পাশেও একটি জাল ওষুধের কারখানা রয়েছে বলে পুলিশ খবর পেয়েছে। প্রাপ্ত সমস্ত সূত্র ও ধৃত ব্যক্তিদের জিজ্ঞাসাবাদের ভিত্তিতে ড্রাগকন্ট্রোল বিভাগের কর্মীদের সঙ্গে নিয়ে জেলা জুড়ে ব্যাপক তল্লাসীতে নামবে পুলিশ কয়েক দিনের মধ্যেই। পুলিশ ও ড্রাগকন্ট্রোল বিভাগ থেকে জন-সাধারণকে সতর্ক করে দেওয়া হয়েছে যে তাঁরা যেন ক্যাশমেমো না নিয়ে ওষুধ না কেনেন। ওষুধ সম্পর্কে বিন্দু-মাত্র সন্দেহ দেখা দিলে স্বাস্থ্য বিভাগকে খবর দিতে বলা হয়েছে।

## Ist Corrigendum on N. I. T. no. 12 of 1984-85

In continuation to this office no. 393 (27) dt. 20.3.85 it is notified for all concerned that the following alterations have been made for N. I. T. no. 12 of 1984-85 :

| Sl. no. of work. | Estimated cost. | E rne ; money. |
|---|---|---|
| Sl. no. 1 | Rs. 6,30,749/- | Rs. 12,615/- |
| „ 2 | Rs. 8,00,592/- | Rs. 16,012/- |

Other terms and conditions remain unchanged.

Sd/- P. K. Ghosh,
Executive Engineer,
Ganga Anti Erosion Division

Memo. no. 532/(2) Dated : 11/4/85


বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী

ব্যবহার করুন
সি.আর.দাশের
রাঙাজবা
মুক্তিক টুথ পাউডার
মুক্তিক টুথ পাউডার
যতন নির্ভয়ে স্বচ্ছন্দে
মুক্ত ছড়ানো হাসি, মুক্তিক ভালবাসি!

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রকার বস্ত্রের বিপুল সমাবেশ—
ধন্নালাল
মোহনলাল জৈন

জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা কম মূল্যে সবরকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ ॥ ফোন : ধুলিয়ান ৫


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অহুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।